দৈনিক ইনকিলাব

তারিখ 10 SEP 1996

পৃষ্ঠা 5—7

## উচ্চতর শিক্ষার ক্ষেত্রে সমান সুযোগ চাই

গত কয়েক বছর থেকে লক্ষ্য করে আসছি। প্রতি বছরই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষা একই সংগে হয়ে আসছে। অথচ মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের রেজাল্ট আগেই ঘোষণা করা হয় কিন্তু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজাল্টের কোন খোঁজ-খবর পাওয়া যায় না। আমার মনে হয়, এ ব্যাপারে মাদ্রাসা শিক্ষা বোর্ড অপেক্ষা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যথেষ্ট সচেতন।

আবার এও আমরা লক্ষ্য করি যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের রেজাল্ট-সিট প্রতি কেন্দ্রে পাঠানোর পর বোর্ড থেকে রেজাল্ট ঘোষণা করেন। এতে পরীক্ষার্থীদের অনেক সুবিধা হয়। কিন্তু মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে আমরা এ ধরনের কোন সুবিধা কেন আশা করতে পারি না?

আবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফাজিল পরীক্ষার ব্যাপারেও একই অবস্থা। এতে দেখা যায় যে, দু'টো পরীক্ষা একই সংগে নেওয়া হয়, অথচ রেজাল্টের ব্যাপারে আমরা তাদের তুলনায় অনেক পিছনে থাকি।

একই সংগে পরীক্ষা হওয়া সত্ত্বেও তাদের রেজাল্ট আগেই হয়ে থাকে এবং এক সপ্তাহের মধ্যেই তাদের মার্কসীট পৌঁছে যায়। ফলে, স্কুল, কলেজের ছাত্র-ছাত্রীরা, মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিতে ভর্তি হচ্ছে।

আর আমরা মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে রেজাল্ট ও মার্কসীট দেরী করে পাওয়াতে ওই সব ভাল-ভাল প্রতিষ্ঠানে ভর্তি হতে পারছিনা। এতে করে মাদ্রাসা শিক্ষা বোর্ডের ছাত্রদের জীবনের অনেক উচ্চাকাঙ্ক্ষা ব্যর্থ হয়ে যায়। —মোঃ আবু জাফর

নজিপুর, নওগাঁ